## দিনাজপুর জেলার বিরল উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটির জুলাই/২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | | |
|---|---|---|---|
| সভাপতি: | মোঃ রেজাউল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বিরল, দিনাজপুর। | আলোচ্য মাসঃ-<br>তারিখঃ-<br>রোজঃ-<br>সময়ঃ-<br>স্থানঃ- | জুন/২০২৬ খ্রিঃ।<br>১৩/০৭/২০২৬ খ্রিঃ।<br>সোমবার<br>সকাল- ১১.১০ ঘটিকা।<br>উপজেলা পরিষদ কনফারেন্স রুম। |

সভায় উপস্থিত ও সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। মানবপাচার সম্পর্কে কোন তথ্য জানা থাকলে দ্রুত অফিসার ইনচার্জ, বিরল থানা অথবা উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। সকল ইউপি চেয়ারম্যানগণকে মানব পাচার প্রতিরোধ কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানপূর্বক সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ জানান।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ক। | মানব পাচার সম্পর্কে মাসিক সভা আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার |
| খ। | মানব পাচার সম্পর্কে ইউনিয়ন এবং উপজেলা পর্যায়ের গৃহীত সিদ্ধান্ত সমন্বয় করে জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সকল ইউ, পি চেয়ারম্যান। |
| গ। | ইউনিয়ন পর্যায়ে মানব পাচার প্রতিরোধ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানপূর্বক কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। | ১। সকল ইউ, পি চেয়ারম্যান। |
| ঘ। | বিরল উপজেলায় মানব পাচার প্রতিরোধে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। অফিসার ইনচার্জ, বিরল থানা, বিরল, দিনাজপুর।<br>২। কোম্পানী কমান্ডার, কিশোরীগঞ্জ/এনায়েতপুর বিওপি, বিরল, দিনাজপুর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ রেজাউল ইসলাম
সভাপতি
উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর
www.birol.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১৭.০০০.১৪.০২৪.২৪-২০৮৫

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, দিনাজপুর।
০২। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
০৩। প্রশাসক, বিরল পৌরসভা, বিরল, দিনাজপুর।
০৪। অফিসার ইন-চার্জ, বিরল থানা, দিনাজপুর।
০৫। কোম্পানী কমান্ডার, ভান্ডারা/ভুংভুংগী বিওপি, বিরল, দিনাজপুর।
০৬। উপজেলা আইসিটি অফিসার, বিরল, দিনাজপুর। তাঁকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৭। জনাব.............................................বিরল, দিনাজপুর।
০৮। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।